
এইচএসসির সাপ্লিমেন্টারি পরীক্ষার রুটিন প্রকাশ



ছবি: সংগৃহীত

২০২৬ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য সাপ্লিমেন্টারি পরীক্ষার সূচি প্রকাশ করা হয়েছে। নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নিতে পারবেন। আগামী ১ ডিসেম্বর পরীক্ষা শুরু হয়ে চলবে ১৫ ডিসেম্বর পর্যন্ত।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি এ সময়সূচি প্রকাশ করে। রুটিনে সই করেছেন কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. জসিম উদ্দিন।

সূচি অনুযায়ী, ১ ডিসেম্বর ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা দিয়ে শুরু হবে এবারের আয়োজন। পরদিন ২ ডিসেম্বর বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩ ডিসেম্বর পদার্থবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও যুক্তিবিদ্যা এবং ৫ ডিসেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের পরীক্ষা নেওয়া হবে।

বাকি বিষয়গুলোর পরীক্ষা রুটিনে উল্লেখ করা নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হবে। ১৫ ডিসেম্বর অর্থনীতি ও আরবি বিষয়ের পরীক্ষার মধ্য দিয়ে লিখিত পরীক্ষা শেষ হবে। ব্যবহারিক পরীক্ষাও একই তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

পরীক্ষা হবে প্রতিদিন দুই শিফটে। সকালের শিফট সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং বিকেলের শিফট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে। পরীক্ষার্থীদের নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট আগে কেন্দ্রে উপস্থিত থাকতে হবে। কেন্দ্রে মোবাইল ফোন নেওয়া নিষিদ্ধ থাকলেও অনুমোদিত সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহারের সুযোগ থাকবে।

এর আগে ৫ নভেম্বর সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণ শুরু হয়। ৯ নভেম্বর শেষ হওয়া এ প্রক্রিয়ায় চার লাখের বেশি শিক্ষার্থী আবেদন করেছেন।

বিষয়ভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি শিক্ষার্থী ইংরেজি পরীক্ষার জন্য ফরম পূরণ করেছেন। এ সংখ্যা ২ লাখ ৪৬ হাজার ২৮৬। দ্বিতীয় সর্বোচ্চ ১ লাখ ৩৮ হাজার ৫১৪ জন আবেদন করেছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে। আর রসায়নে ফরম পূরণ করেছেন ২৭ হাজার ৪৬৬ জন। এই তিন বিষয়ের বাইরে আরও কয়েকটি বিষয়ে তুলনামূলক কমসংখ্যক শিক্ষার্থী আবেদন করেছেন।